গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
গ্রহণ, বিতরণ ও সেবা শাখা

বিষয় : আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ১ম অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা এবং ফলাবর্তক প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ আসাদুল ইসলাম, সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
স্থান : অর্থ মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ-৩৩১, ভবন-৭), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
তারিখ ও সময় : ৩১ জানুয়ারি, ২০১৯; বিকাল ৩ .০০ টা।
সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা: পরিশিষ্ট-'ক'

উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়) জনাব এ.বি.এম রুহুল আজাদ এ বিভাগের আওতাধীন সংশ্লিষ্ট ১৭টি দপ্তর/সংস্থার বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৮-১৯ এর ১ম অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদনের বিস্তারিত তথ্যদি সভায় উপস্থাপনের জন্য উপসচিব জনাব মোঃ সাঈদ কুতুবকে অনুরোধ জানান। উপসচিব ১ম অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদনের বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র.	দপ্তর/সংস্থা	আলোচনা	সিদ্ধান্ত
১.	**সোনালী ব্যাংক লিমিটেড**	সোনালী ব্যাংক লি: এর মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, কৃষি ঋণ বিতরণ, অর্থঋণ ও অন্যান্য মামলা নিষ্পত্তি, ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন, শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন প্রভৃতি কার্যক্রমের অর্জন সন্তোষজনক নয়। তাছাড়া এসএমই ঋণ বিতরণ, অবলোপনকৃত ঋণ হতে আদায়, রীট মামলা নিষ্পত্তি, আয়োজিত প্রশিক্ষণের সময় প্রভৃতি সূচকেও ব্যাংকটির অর্জন মোটামুটি সন্তোষজনক। তবে শ্রেণীকৃত ঋণ হতে নগদ আদায়সহ অন্যান্য সূচকে ব্যাংকটির অর্জন ভাল।	(১) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক নয় সে সকল ক্ষেত্রে বছরের অবশিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। (২) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক এবং ভাল সে সকল কার্যক্রমের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।
২.	**জনতা ব্যাংক লিমিটেড**	জনতা ব্যাংক লি: এর মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, কৃষি ঋণ বিতরণ, এসএমই ঋণ বিতরণ, লোকসানী শাখার সংখ্যা হ্রাস, রীট মামলা নিষ্পত্তি, বিভাগীয় মামলা নিষ্পত্তি, ATM বুথ চালুকরণ, সিটিজেনস চার্টার বাস্তবায়ন প্রভৃতি কার্যক্রমে সন্তোষজনক লক্ষ্যমাত্রা অর্জন করলেও অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন, শ্রেণীকৃত ঋণের পরিমান হ্রাস, শ্রেণীকৃত ঋণ হতে নগদ আদায়, অবলোপনকৃত ঋণ হতে নগদ আদায়, অর্থঋণ ও অন্যান্য মামলা নিষ্পত্তি, ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন প্রভৃতি কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেন নি।	(১) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক নয় সে সকল ক্ষেত্রে বছরের অবশিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। (২) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক সে সকল কার্যক্রমের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।
৩.	**রূপালী ব্যাংক লিমিটেড**	রূপালী ব্যাংক লি: এর মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, ব্যাংকটি তাদের নির্ধারিত লক্ষ্যমাত্রার মধ্যে কৃষিঋণ বিতরণ, শ্রেণীকৃত ঋণের পরিমাণ হ্রাস, শ্রেণীকৃত ঋণ হতে নগদ আদায়, অর্থঋণ ও অন্যান্য মামলা নিষ্পত্তি, বিভাগীয় মামলা নিষ্পত্তি, ATM বুথ চালুকরণ, ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন, শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান প্রভৃতি কার্যক্রমের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হয়েছে।	(১) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক নয় সে সকল ক্ষেত্রে বছরের অবশিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। (২) যে সকল সূচকে অর্জন

		তবে অবলোপনকৃত ঋণ হতে আদায়, মূলধন সংরক্ষণের হার, মোবাইল ব্যাংকিং সম্প্রসারণ, সিটিজেন চার্টার বাস্তবায়ন সহ অন্যান্য কার্যক্রমে ব্যাংকটি সন্তোষজনক লক্ষ্যমাত্রা অর্জন করেছে।	সন্তোষজনক সে সকল কার্যক্রমের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।
৪.	**অগ্রণী ব্যাংক লিমিটেড**	অগ্রণী ব্যাংক লিমিটেডের শ্রেণীকৃত ঋণ হতে নগদ আদায়, অবলোপনকৃত ঋণ হতে আদায়, মূলধনধন সংরক্ষণের হার, ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন, শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান প্রভৃতি কার্যক্রমে লক্ষ্যমাত্রার তুলনায় অর্জন সন্তোষজনক নয়। তবে কৃষি ঋণ বিতরণ, শ্রেণীকৃত ঋণের পরিমাণ হ্রাস, রীট মামলা নিষ্পত্তি, ATM বুথ চালুকরণ, সিটিজেন্স চার্টার বাস্তবায়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন, অডিট আপত্তি নিষ্পত্তি প্রভৃতি কার্যক্রম ও সূচকে ব্যাংকটি সন্তোষজনক লক্ষ্যমাত্রা অর্জন করেছে।	(১) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক নয় সে সকল ক্ষেত্রে বছরের অবশিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। (২) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক সে সকল কার্যক্রমের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।
৫.	**বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ**	বিডিবিএল এর প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, ব্যাংকটি রিট মামলা নিষ্পত্তি, এসএমই ঋণ বিতরণ, BACH -2 বাস্তবায়ন, Fire wall ও Data Storage স্থাপন, আইটি সিকিউরিটে ব্যবস্থা উন্নীতকরণ, আয়োজিত প্রশিক্ষণের সময়, ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন, অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন, শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান প্রভৃতি কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক নয়। তবে কৃষিঋণ বিতরণ, শ্রেণীকৃত ঋণের স্থিতি, অবলোপনকৃত ঋণ হতে আদায়, লোকসানী শাখার সংখ্যা, অর্থঋণ ও অন্যান্য মামলা নিষ্পত্তি, সিটিজেন্স চার্টার বাস্তবায়ন সহ অন্যান্য কার্যক্রমে ব্যাংকটি সন্তোষজনক লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়েছে।	(১) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক নয় সে সকল ক্ষেত্রে বছরের অবশিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। (২) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক সে সকল কার্যক্রমের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।
৬.	**বেসিক ব্যাংক লিমিটেড**	বেসিক ব্যাংক লিমিটেড এসএমই ঋণ বিতরণ, শ্রেণীকৃত ঋণের পরিমাণ হ্রাস, অবলোপনকৃত ঋণ হতে আদায়, আয়োজিত প্রশিক্ষণের সময়, ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন, অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন, শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান প্রভৃতি কার্যক্রমে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে ব্যর্থ হয়েছে। তবে কৃষিঋণ বিতরণ, রিট মামলা নিষ্পত্তি, অর্থঋণ ও অন্যান্য মামলা নিষ্পত্তি, ATM বুথ চালুকরণ, সিটিজেনস চার্টার বাস্তবায়নসহ অন্যান্য কার্যক্রমে বেসিক ব্যাংক লিমিটেড সন্তোষজনক লক্ষ্যমাত্রা অর্জন করেছে।	(১) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক নয় সে সকল ক্ষেত্রে বছরের অবশিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। (২) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক সে সকল কার্যক্রমের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।
৭.	**মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি**	মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি এর প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, পরিদর্শন আপত্তি নিষ্পত্তি করা, সনদপ্রাপ্ত প্রতিষ্ঠান সমূহের দাখিলকৃত নিরীক্ষা প্রতিবেদন বিশ্লেষণ, এমআরএ-এর সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের জনবলকে প্রশিক্ষণ প্রদান, ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন, অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন, অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ, শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান প্রভৃতি কার্যক্রমে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি'র অর্জন সন্তোষজনক নয়। তবে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহ সরেজমিনে পরিদর্শন, প্রতিষ্ঠান	(১) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক নয় সে সকল ক্ষেত্রে বছরের অবশিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। (২) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক সে সকল কার্যক্রমের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।

		সমূহের সনদের আবেদন নিষ্পত্তি করা, ক্ষুদ্রঋণ বিতরণ ও আদায়, সিটিজেন্স চার্টার বাস্তবায়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়নসহ অন্যান্য কার্যক্রমে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি'র অর্জন সন্তোষজনক।	
৮.	**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**	ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, স্টক এক্সচেঞ্জসমূহে আইসিবির লেনদেনের পরিমাণ, মার্কেট পার্টিসিপেন্ট, মার্চেন্ট ব্যাংকিং, মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনা, শ্রেণিকৃত ঋণ আদায়, অবলোপনকৃত ঋণ আদায়, ইক্যুইটি হিসেবে বিনিয়োগকৃত অর্থ আদায়, অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন, শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান প্রভৃতি কার্যক্রমে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি। তবে মামলা নিষ্পত্তিকরণ, আইসিটি ব্যবস্থা উন্নতকরণ, ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন, সিটিজেন্স চার্টার বাস্তবায়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন প্রভৃতি কার্যক্রমে ইনভেস্টমেন্ট কর্পোরেশনের অর্জন সন্তোষজনক।	(১) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক নয় সে সকল ক্ষেত্রে বছরের অবশিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। (২) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক সে সকল কার্যক্রমের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।
৯.	**বাংলাদেশ কৃষি ব্যাংক**	কৃষি ভিত্তিক শিল্প ঋণ বিতরণ, অন্যান্য কৃষি ও দারিদ্র বিমোচন ঋণ বিতরণ, শ্রেণীকৃত ঋণ আদায়, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন, অডিট আপত্তি নিষ্পত্তিকরণ প্রভৃতি কার্যক্রমে বাংলাদেশ কৃষি ব্যাংক তাদের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি। তাছাড়া শস্য ঋণ বিতরণ, দুগ্ধ উৎপাদন ও প্রাণী সম্পদ খাতে ঋণ বিতরণ, চিংড়ি ও মৎস্য চাষ খাতে ঋণ বিতরণ, অভ্যন্তরীণ নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি প্রভৃতি কার্যক্রমেও বাংলাদেশ কৃষি ব্যাংকের অর্জন সন্তোষজনক নয়। তবে এসএমই ঋণ বিতরণ, শ্রেণীযোগ্য ঋণ আদায়, রীট মামলা নিষ্পত্তি, অর্থ ঋণ মামলা নিষ্পত্তি, বিভাগীয় মামলা নিষ্পত্তি, শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়নসহ অন্যান্য কার্যক্রমে বাংলাদেশ কৃষি ব্যাংকের অর্জন সন্তোষজনক।	(১) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক নয় সে সকল ক্ষেত্রে বছরের অবশিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। (২) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক সে সকল কার্যক্রমের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।
১০	**রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক**	ভূমিহীন বর্গাচাষীদের ঋণ বিতরণ, শ্রেণীকৃত ঋণ আদায়, রিট মামলা নিষ্পত্তির হার, শাখাসমূহ অটোমেশন, ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন, অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন, শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান, তথ্য বাতায়ন হালনাগাদকরণ প্রভৃতি কার্যক্রমে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অর্জন সন্তোষজনক নয়। তবে শস্য ঋণ বিতরণ, দুগ্ধ উৎপাদন ও প্রাণী সম্পদ খাতে ঋণ বিতরণ, এসএমই খাতে ঋণ বিতরণ, শ্রেণীযোগ্য ঋণ আদায়, বিভাগীয় মামলা নিষ্পত্তি, সিটিজেন্স চার্টার বাস্তবায়ন, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন প্রভৃতি কার্যক্রমে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অর্জন সন্তোষজনক হয়েছে।	(১) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক নয় সে সকল ক্ষেত্রে বছরের অবশিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। (২) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক সে সকল কার্যক্রমের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।
১১.	**কর্মসংস্থান ব্যাংক**	কর্মসংস্থান ব্যাংক দুগ্ধ উৎপাদন খাতে ঋণ বিতরণ, অন্যান্য গবাদী পশুপালন খাতে ঋণ বিতরণ, চিংড়ি ও অন্যান্য মৎস্য চাষে ঋণ বিতরণ, শ্রেণীকৃত ঋণ নগদে আদায়, অভ্যন্তরীণ অডিট আপত্তি নিষ্পত্তিকরণ, আয়োজিত প্রশিক্ষণের সময়, অডিট	(১) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক নয় সে সকল ক্ষেত্রে বছরের অবশিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য

		আপত্তি নিষ্পত্তিকরণ, তথ্য বাতায়ন হালনাগাদকরণ প্রভৃতি কার্যক্রমে সন্তোষজনক লক্ষ্যমাত্রা অর্জন করেছে। তবে অটোমেশন সম্প্রসারণ, নতুন শাখা চালুকরণ, মামলা নিষ্পত্তি, ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন, সিটিজেন্স চার্টার বাস্তবায়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন, ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ, শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন প্রভৃতি কার্যক্রমে কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি।	বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। (২) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক সে সকল কার্যক্রমের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।
১২.	**প্রবাসী কল্যাণ ব্যাংক**	প্রবাসী কল্যাণ ব্যাংক নতুন শাখা খোলা, শাখা অটোমেশন, ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন, ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ, অব্যবহৃত/ অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ প্রভৃতি কার্যক্রমে সন্তোষজনক লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি। তবে ঋণ বিতরণ, শ্রেণিকৃত ঋণ আদায়, অশ্রেণিকৃত ঋণ আদায়, মামলা নিস্পত্তি, আয়োজিত প্রশিক্ষণ, সিটিজেনস চার্টার বাস্তবায়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন, অডিট আপত্তি নিষ্পত্তিকরণ, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন, তথ্য বাতায়ন হালনাগাদকরণ প্রভৃতি কার্যক্রমে ব্যাংকটি সন্তোষজনক লক্ষ্যমাত্রা অর্জন করেছে।	(১) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক নয় সে সকল ক্ষেত্রে বছরের অবশিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। (২) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক সে সকল কার্যক্রমের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।
১৩.	**আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক**	দুগ্ধ উৎপাদন খাতে ঋণ বিতরণ, মামলা নিষ্পত্তি, অবলোপনকৃত ঋণ আদায়, ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন, অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন, শুণ্য পদের বিপরীতে নিয়োগ প্রদান, তথ্য বাতায়ন হালনাগাদকরণ প্রভৃতি কার্যক্রমে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের অর্জন সন্তোষজনক নয়। তবে অন্যান্য গবাদি পশু সম্পদ খাতে ঋণ বিতরণ, শ্রেণীকৃত ঋণ হতে নগদ আদায়, ঋণ আদায়, অটোমেশনকরণ, আয়োজিত প্রশিক্ষণ, সিটিজেন্স চার্টার বাস্তবায়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন প্রভৃতি কার্যক্রমে আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকের অর্জন সন্তোষজনক।	(১) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক নয় সে সকল ক্ষেত্রে বছরের অবশিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। (২) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক সে সকল কার্যক্রমের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।
১৪.	**জীবন বীমা কর্পোরেশন**	জীবন বীমা কর্পোরেশনের প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, বিনিয়োগ হতে আয়, ৯০দিনের মধ্যে মরনোত্তর দাবি পরিশোধ, ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন, অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন প্রভৃতি কার্যক্রমে সংস্থাটি সন্তোষজনক লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি। তবে মোট প্রিমিয়াম আয়, অভ্যন্তরীন অডিট কার্যক্রম, ৩০ দিনের মধ্যে মেয়াদোত্তর দাবী পরিশোধ, ১৫ দিনের মধ্যে সারভাইবেল বেনিফিট পরিশোধ, অফিসে অনলাইন চালুকরণ, আয়োজিত প্রশিক্ষণ, কর্পোরেশন কর্তৃক অনলাইন সেবা চালু করা, সিটিজেনস চার্টার বাস্তবায়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন, শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান, কর্পোরেশনে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন, জাতীয় শূদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন, তথ্য বাতায়ন হালনাগাদকরণসহ অন্যান্য কার্যক্রমে জীবন বীমা কর্পোরেশনের	(১) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক নয় সে সকল ক্ষেত্রে বছরের অবশিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। (২) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক সে সকল কার্যক্রমের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।

		অর্জন সন্তোষজনক।	
১৫.	**সাধারণ বীমা কর্পোরেশন**	সাধারণ বীমা কর্পোরেশন সরকারি ও বেসরকারি প্রিমিয়াম আয়, বীমা দাবী নিষ্পত্তির পরিমাণ বৃদ্ধি, গ্রাহক সংখ্যা বৃদ্ধি, আয়োজিত প্রশিক্ষণ, তথ্য বাতায়ন হালনাগাদকরণ প্রভৃতি কার্যক্রমে কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন করেছে। তবে পুনঃবীমা প্রিমিয়াম আয়, অভ্যন্তরীণ অডিটের পরিমাণ বৃদ্ধি, অভ্যন্তরীণ অডিট নিস্পত্তিকরণ, ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন, অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন, শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদানসহ বেশ কিছু কার্যক্রমে সাধারণ বীমা কর্পোরেশন তাদের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি।	(১) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক নয় সে সকল ক্ষেত্রে বছরের অবশিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। (২) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক সে সকল কার্যক্রমের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।
১৬.	**বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট**	ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন, গবেষণা, অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন, শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন, তথ্যবাতায়ন হালনাগাদকরণ, দপ্তর/ সংস্থার ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ প্রভৃতি কার্যক্রমে বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেটের অর্জন সন্তোষজনক নয়। তবে ইনভেস্টর এডুকেশন প্রোগ্রাম, সার্টিফিকেট কোর্স অন ক্যাপিটাল মার্কেট, ওয়ার্কশপ/সেমিনার/ কনফারেন্স, নিউজ লেটার, আয়োজিত প্রশিক্ষণের সময়, দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালুকরা, সিটিজেন্স চার্টার বাস্তবায়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়নসহ অন্যান্য কার্যক্রমে বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেটের অর্জন সন্তোষজনক।	(১) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক নয় সে সকল ক্ষেত্রে বছরের অবশিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। (২) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক সে সকল কার্যক্রমের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।
১৭.	**বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন**	বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, ঋণ বিতরণ, ঋণ আদায়, ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন, অডিট আপত্তি নিস্পত্তি প্রভৃতি কার্যক্রমে সংস্থাটি কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন করতে পারেনি। তবে আয়োজিত প্রশিক্ষণ, সিটিজেনস চার্টার বাস্তবায়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন, ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন, শূণ্য পদের বিপরীতে নিয়োগ প্রদান, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন, তথ্য বাতায়ন হালনাগাদকরণ প্রভৃতি কার্যক্রমে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের অর্জন সন্তোষজনক।	(১) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক নয় সে সকল ক্ষেত্রে বছরের অবশিষ্ট সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। (২) যে সকল সূচকে অর্জন সন্তোষজনক সে সকল কার্যক্রমের অগ্রগতির ধারা অব্যাহত রাখতে হবে।

২. সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
১৪/০২/২০১৯
(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

নম্বর: ৫৩.০০.০০০০.২১৩.৩১.০০৪.১৮-১৩ তারিখ: ১৮.০২.২০১৯ খ্রি.

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, ৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, বড় মগবাজার, ঢাকা।
২। ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, সোনালী/ জনতা/ অগ্রণী/ রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বেসিক/ বিডিবিএল/ বিএইচবিএফসি/ আইসিবি/ বাকৃবি/ রাকাব/আনসার-ভিডিপি/ প্রবাসী কল্যাণ/কর্মসংস্থান ব্যংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন/ সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম), তোপখানা রোড, ঢাকা।
৬। জনাব মোঃ রিজওয়ানুল হুদা, যুগ্মসচিব ও সদস্য APA টিম, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৭। জনাব মোঃ সাঈদ কুতুব, উপসচিব ও সদস্য APA টিম, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৮। জনাব মোঃ মনিরুল ইসলাম, উপসচিব ও সদস্য APA টিম, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
৯। জনাব ফয়সল আহমদ, সিনিয়র প্রিন্সিপাল অফিসার (বাজেট শাখায় প্রেষণে নিযুক্ত) ও সদস্য APA টিম, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
১০। প্রোগ্রামার, আইসিটি সেল, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)।

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমন্বয়), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় (অতি: সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

স্বাক্ষরিত/-
১৪/০২/২০১৯
(মোঃ সাঈদ কুতুব)
উপসচিব
ফোন#৯৫৯২৪৫০